# NEW BLOWN

*-An Int'l Standard School-*

**2nd Week: Class-Three**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 13-02-2021 | Saturday | Bangla-1 | আমাদের এই বাংলাদেশ এর পৃ: ৬ এর (২,৪,৫,৬)নং পড়া + C.W |
| | | B.G.S | অধ্যায়-১ এর যোগ্যতাভিত্তিক প্র:উ: (১) পরিবেশ কাকে বলে? প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বর্ণনা দাও ৩টি বাক্যে। (C.W+H.W) পৃ: ২,৪ |
| | | English-1 | Unit-2 (lesson:4-6) Pg-5 (A) C.W + (B) H.W |
| 14-02-2021 | Sunday | Bangla-1 | আমাদের এই বাংলাদেশ' এর শীটের প্রশ্নোত্তর (ক–ঘ) নং পড়া (শীট যাবে) |
| | | B.G.S | অধ্যায়-১ এর যোগ্যতাভিত্তিক প্র:উ: (২) বাড়ি, বিদ্যালয় ও যানবাহন এগুলো পরিবেশের কোন ধরণের উপাদান? রাস্তাঘাট ও যানবাহন কিভাবে আমাদের উপকার করে? বর্ণনা দাও। (পৃ: ৬,৮ থেকে C.W) |
| | | English-1 | Unit-3 (Lesson: 1-6) Reading & Discussion + Pg-9 (B,C) (C.W) |
| 15-02-2021 | Monday | Bangla-2 | পদ পরিবর্তন: (অক্ষর–ডাকাত) পৃ: ৩৩ পড়া + C.W |
| | | Drawing | ছবি আঁক ও রং কর: মোরগ |
| | | English-2 | Chapter-3 (Lesson-1) Definition, Example & kinds of sentence (Pg-23) |
| 16-02-2021 | Tuesday | Bangla-2 | বিপরীত শব্দ (অতিবৃষ্টি–আয়) পৃ: ৮৩ পড়া + C.W |
| | | Math | পৃ: ১৬ এর ক্রমবাচক সংখ্যা পড়া। |
| | | English-2 | Chapter-3 (Lesson-1) Definition & Example of Assertive, Interrogative, Imperative Sentence) Pg-23,24 |
| 17-02-2021 | Wednesday | Science | অধ্যায়-১ এর অনুশীলনী ৫ পৃ: ৩নং এর প্র:উ: রিডিং থেকে পড়া + C.W ও ৪নং মুখে পড়া। |
| | | Math | পৃ: ১৮ এর (৩-৫)নং C.W +৩,৪নং H.W |
| | | Islam Reli. | অধ্যায়-১ এর অনুশীলনীর (১-৩)নং C.W (পৃ: ১১,১২) |
| | | Hindu Reli | অধ্যায়-১ 'স্রষ্টা ও সৃষ্টি' অনুশীলনীর ৬ নং (১,২)নং পড়া + C.W |
| 18-02-2021 | Thursday | Science | অধ্যায়-২ (জীব ও জড়) এর (৬-৮)পৃ: রিডিং পড়া ও রিডিং থেকে ছোট প্রশ্ন ও শূন্যস্থান C.W+ H.W |
| | | Math | পৃ: ১৯ এর (৬-১০) নং C.W + ১০নং H.W |
| | | Islam Reli. | অধ্যায়-১: অনুশীলনীর ৪নং সং:প্র:উ: (ক–ঘ) নং পড়া + C.W পৃ: ১২ |
| | | Hindu Reli | অধ্যায়-১ অনুশীলনীর ৬ নং এর (৩-৫) নং পড়া + C.W |

**NEW BLOWN**

*-An Int'l Standard School-*

**3rd Week: Class-Three**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 20-02-2021 | Saturday | Bangla-1 | রাজা ও তাঁর তিন কন্যা পৃ: (৮-১০) রিডিং পড়া + রিডিং থেকে সং:প্র:উ: C.W |
| | | B.G.S | অধ্যায়-২ (মিলে মিশে থাকা) রিডিং পৃ: (১০-১৩) পর্যন্ত + রিডিং অর্ন্তভুক্ত সং:প্র:উ: বাম/ডান C.W + H.W |
| | | English-1 | Unit-5: (Lesson 1-6) Reading + Pg-13 (B,C); Pg-17 (B,C); Pg-17 (B,C) C.W |

| | | | |
|---|---|---|---|
| 21-02-2021 | Sunday | Bangla-1 | রাজা ও তাঁর তিন কন্যা পৃ: (১১) এর ১নং শব্দার্থ পড়া + C.W |
| | | B.G.S | অধ্যায়: ২ পৃ: ১৪ রিডিং এবং রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ: + শূন্যস্থান C.W + H.W |
| | | English-1 | Model-1, Reading with meaning + (1,2) C.W, Pg-3(E.G.C Book) |

| | | | |
|---|---|---|---|
| 22-02-2021 | Monday | Bangla-2 | এক কথায় প্রকাশ পৃ: ৭৩ (সামান্য – কৌতূহল) পৃ: ৭৩ |
| | | Drawing | ছবি আঁক ও রং কর: স্কুল মনোগ্রাম C.W + H.W |
| | | English-2 | Chapter-3 (Lesson-1) Definition, Example Optative, Exclamatory Sentence (Pg-24) |

| | | | |
|---|---|---|---|
| 21-02-2021 | Tuesday | Bangla-2 | ভাষা (সংজ্ঞা ও বাংলা ভাষার রূপ) পড়া + C.W |
| | | Math | পৃ: ২৩ এর (১,২)নং C.W + ৪নং H.W |
| | | English-2 | Chapter-5: (Lesson-2) Number Change (Rule 1,2) Pg-64 |

| | | | |
|---|---|---|---|
| 22-02-2021 | Wednesday | Science | পৃ: (৯-১১) পৃ: রিডিং পড়া এবং রিডিং থেকে ছোট প্রশ্ন, শূন্যস্থান C.W + H.W |
| | | Math | পৃ: ২৯ এর ১নং C.W + ২নং H.W |
| | | Islam Reli. | অধ্যায়-১ অনুশীলনীর ৪নং এর (ঙ–ছ) নং পড়া + C.W |
| | | Hindu Reli | অধ্যায়-২: 'দেব-দেবী ও পূজা' পৃ: (৫-৭)নং রিডিং + রিডিং থেকে সং:প্র:উ: আলোচনা |

| | | | |
|---|---|---|---|
| 23-02-2021 | Thursday | Science | পৃ: (১১-১৪) রিডিং পড়া এবং রিডিং থেকে ছোট প্রশ্ন + যোগ্যতাভিত্তিক প্রশ্ন অনুশীলন (শিক্ষক নির্ধারিত ) |
| | | Math | পৃ: ২৯,৩০ এর (৩-৫) নং C.W + H.W |
| | | Islam Reli. | অধ্যায়-১: অনুশীলনীর ৫নং (ক-গ)নং পড়া + C.W (শীট যাবে) |
| | | Hindu Reli | অধ্যায়-২: 'দেব-দেবী ও পূজা' পৃ: (৮,৯)নং রিডিং এবং অনুশীলনীর (ক-গ) নং C.W |

## আমাদের এই বাংলাদেশ

**১। প্রশ্নোত্তরঃ**

**ক) সূর্য ওঠার পূর্ব দেশ কোনটি?**

**উত্তরঃ** ভৌগোলিক অবস্থার কারণে আমাদের দেশে পূর্ব দিকে সূর্য ওঠে এবং পশ্চিম দিকে অস্ত যায়। তাই কবি সৈয়দ শামসুল হক আমাদের বাংলাদেশকে সূর্য ওঠার পূর্ব দেশ বলেছেন।

**খ) কোন দেশ নদীর দেশ?**

**উত্তরঃ** নদীমাতৃক দেশ বাংলাদেশ। বাংলাদেশে অসংখ্য ছোট বড় নদ-নদী ছড়িয়ে ছিটিয়ে আছে। এদেশে প্রায় তেরোশত নদী রয়েছে। তাই বাংলাদেশকে নদীর দেশ বলা হয়।

**গ) কে মাতৃভাষা শেখালেন?**

**উত্তরঃ** মায়ের ভাষা মাতৃভাষা। জন্মের পরে আমরা প্রথম ভাষা শিখি মায়ের কাছে। তাই মা-ই মাতৃভাষা শেখালেন।

**ঘ) মায়ের ভাষাকে মিষ্টি ভাষা বলা হয়েছে কেন?**

**উত্তরঃ** মায়ের ভাষা আমাদের মাতৃভাষা। মায়ের কাছ থেকে শেখা ভাষায় আমরা খুব সহজে কথা বলতে পারি। মনের ভাব প্রকাশ করতে পারি। তাই মায়ের ভাষাকে মিষ্টি ভাষা বলা হয়েছে।

## অধ্যায়-১: ইমান ও আকাইদ

**যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর:**

**ক) আমরা পৃথিবীতে বাস করি। কত সুন্দর এ পৃথিবী। এ পৃথিবী সৃষ্টি করেছেন কে? তাঁর পরিচয়মূলক ৪টি গুণের বর্ণনা দাও।**

**উত্তর:** এ পৃথিবী সৃষ্টি করেছেন মহান আল্লাহ তায়ালা। মহান আল্লাহর পরিচয়মূলক ৪টি গুণের নাম উল্লেখ করা হলো–

১) 'আল্লাহু খালিকুন' অর্থ– আল্লাহ সৃষ্টিকর্তা; এ জগতের সবকিছু তিনি সৃষ্টি করেছেন।

২) 'আল্লাহু রাব্বুন' অর্থ– আল্লাহ পালনকারী; আল্লাহ আমাদের লালন-পালন করেন।

৩) 'আল্লাহু রাজ্জাকুন' অর্থ– আল্লাহ রিজিকদাতা; আল্লাহ সকল সৃষ্টির রিজিক দান করেন।

৪) 'আল্লাহু রাহমান' অর্থ– আল্লাহ দয়ালু; তিনি করুণাময়, তাঁর দয়ায় আমরা বেঁচে থাকি।

**খ) তাসফিক সুপথে চলতে চায়। এজন্য সে কিছু মহান ব্যক্তির অনুসরণ করে। সে কাদের অনুসরণ করে? ৪টি বাক্যে তাঁদের পরিচয় দাও।**

**উত্তর:** তাসফিক সুপথে চলার জন্য নবি-রাসুলদের অনুসরণ করে। তাঁদের পরিচয় নিচে ৫টি বাক্যে দেওয়া হলো–

১) নবি-রাসুলগণ সত্য পথের অনুসারী ছিলেন।

২) তাঁরা মানুষকে আল্লাহর পথে ডাকতেন।

৩) তাঁরা ছিলেন উত্তম চরিত্রের অধিকারী।

৪) তাঁরা সমসময় আল্লাহর দেওয়া জীবনবিধান মেনে চলতেন।

নবি রাসুলগণ মানুষের আদর্শ শিক্ষক। আমরা তাঁদের দেখানো পথ অনুসরণ করব।

**গ) মানুষ চিরদিন বাঁচে না। যার জীবন আছে তার মৃত্যু আছে। মৃত্যুর পর শুরু হবে নতুন জীবন। এ জীবনকে কি বলে? এর অর্থ কি? এ জীবনের স্তরগুলোর নাম লিখ।**

**উত্তর:** মৃত্যুর পরের জীবনকে আখিরাত বলে। আখিরাত অর্থ পরকাল। আখিরাত জীবনের কয়েকটি স্তর আছে। স্তরগুলোর নাম হলো–

১) কবর; ২)কিয়ামত; ৩) হাশর; ৪) বিচার; ৫) জান্নাত ও জাহান্নাম

আখিরাতের শুরু আছে, শেষ নেই। আমরা আখিরাতে বিশ্বাস করব।

**ঘ) রফিক একটি বিষয়ে বিশ্বাস করায় মন্দ কাজ থেকে বিরত থাকে। সে কোন বিষয়ে বিশ্বাস করে? এ বিষয় সম্পর্কে ৫টি বাক্য লিখ।**

**উত্তর:** রফিক আখিরাতে বিশ্বাস করে। আখিরাতে বিশ্বাস সম্পর্কে ৫টি বাক্য নিচে দেওয়া হলো–

১) মৃত্যুর পর থেকে আখিরাতের জীবন শুরু হয়।

২) আখিরাতের শুরু আছে কিন্তু শেষ নেই।

৩) যারা ভালো কাজ করবে তারা আখিরাতে পুরস্কার পাবে।

৪) যারা মন্দ কাজ করবে তারা আখিরাতে শাস্তি পাবে।

৫) আখিরাতে বিশ্বাস মানুষকে মন্দ কাজ থেকে দূরে রাখে।

আমরা সময়মত আখিরাতে বিশ্বাস করব, আল্লাহর হুকুম মেনে চলব, ভালো কাজ করব।

**ঙ) মুজাহিদ বিকালে বাগানে হাঁটতে হাঁটতে ফুল আর পাখি দেখে এগুলোর সৃষ্টিকর্তার প্রতি শোকর আদায় করে। মুজাহিদ কার শোকর আদায় করে? তিনি কিভাবে সকল সৃষ্টিকে রিজিকদান করেন ৫টি বাক্যে লিখ।**

**উত্তর:** মুজাহিদ আল্লাহ তায়ালার শোকর আদায় করে। আল্লাহ তায়ালা যেভাবে সকল সৃষ্টির রিজিক দান করেন তা নিচে দেওয়া হলো–

১) আল্লাহ তায়ালা সকল জীবের জন্য খাদ্য সৃষ্টি করেছেন।

২) গরু-ছাগলের খাবার হিসেবে দিয়েছেন ঘাস-লতা-পাতা।

৩) পাখির খাবার হিসেবে সৃষ্টি করেছেন পোকা-মাকড়।

৪) কীট-পতঙ্গ বিভিন্ন ধরণের উদ্ভিদ, প্রাণী ও জৈব পদার্থ খেয়ে জীবনধারণ করে।

৫) গাছপালা খাদ্য গ্রহণ করে আলো, বাতাস ও মাটি থেকে।

আমরা আল্লাহকে রাজ্জাক মানব। তাঁর রিজিক খেয়ে শোকর কর।

**চ) মানুষকে পথ দেখানোর জন্য আল্লাহ বিভিন্ন সময়ে বাণী পাঠাতেন। আল্লাহর এ বাণীর সমষ্টিকে কি বলে? এ কিতাব কতখানা? বড় চারটি কিতাবের নাম লিখ এবং কোন নবির উপর নাযিল হয় লিখ।**

**উত্তর:** আল্লাহর বাণীর সমষ্টিকে বলা হয় আসমানি কিতাব। আসমানি কিতাব ১০৪ খানা। এর মধ্যে বড় চারখানা কিতাবের নাম যে নবির উপর নাযিল হয় তা নিম্নরূপ:

১) তাওরাত – হযরত মূসা (আ) এর উপর

২) যাবূর – হযরত দাউদ (আ) এর উপর

৩) ইনজীল – হযরত ঈসা (আ) এর উপর

৪) কুরআন মজিদ – হযরত মুহাম্মদ (স) এর উপর

আমরা আসমানি কিতাবে বিশ্বাস করব। এর শিক্ষা মেনে চলব।